

নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭-১২৬

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ

২০১৮ সনে সম্মানিত হজে গমনেছু ব্যক্তিবর্গের জন্য জরুরি বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ১১.০১.২০১৮ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭.৯০ নং স্মারকের অনুবৃত্তিক্রমে ২০১৮ সনে সরকারি ব্যবস্থাপনায় হজে গমনেছু ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ও সৌদি সরকারের মধ্যে দ্বি-পাক্ষিক হজ চুক্তি অনুযায়ী ২০১৮ সনের সরকারি ব্যবস্থাপনায় নির্ধারিত কোটা (৭১৯৮ জন) ইতোমধ্যে পূর্ণ হয়েছে। ফলে যারা অদ্য ২১.০১.২০১৮ খ্রি. তারিখের এ বিজ্ঞপ্তির পর সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধন করবেন তাদেরকে ২০১৯ সালে পবিত্র হজে গমনের জন্য প্রাক-নিবন্ধিত হয়েছেন মর্মে গণ্য হবেন। উল্লেখ্য যে, অদ্য ২১.০১.২০১৮ খ্রি. তারিখের পূর্বে প্রাক-নিবন্ধিত ব্যক্তিগণের মধ্যে যদি কেউ ২০১৮ সনের জন্য নিবন্ধন না করেন সে ক্ষেত্রে অপেক্ষমান তালিকা হতে নিবন্ধনের জন্য আহ্বান করা হবে।

বি.দ্র. ২০১৯ সালের হজে গমনের জন্য প্রাক-নিবন্ধন কার্যক্রম যথারীতি চলমান থাকবে।

০২। প্রাক-নিবন্ধনের জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

১. হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
২. জেলা প্রশাসকের কার্যালয়সমূহ।
৩. ইসলামিক ফাউন্ডেশনের কেন্দ্রীয় ও জেলা কার্যালয়সমূহ।
৪. ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রসমূহ।
৫. বিস্তারিত জানতে যোগাযোগ করুন:

হট লাইন নম্বর: 09602666707

ভিজিট করুন: www.hajj.gov.bd/www.mora.gov.bd

facebook page: www.facebook.com/moragovbd

এস.এম. মনিরুজ্জামান

সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com


নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭-১২৬

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজাগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের সদয় অনুরোধসহ)।
৩. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।

৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিবের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.....(সকল জেলা)।
৯. হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, হোটেল ভিক্টরী, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের অনুরোধসহ)।
১১. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)।